ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪.৪৩৫৮

তারিখঃ ২৪ মাঘ ১৪৩২ / ০৭ ফেব্রুয়ারি ২০২৬

ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ সমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশি স্থায়ী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং.	পদের নাম, অফিস, বেতন স্কেল, গ্রেড ও বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
	কর্মকর্তা		
০১	**অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক** পরীক্ষা শাখা, রেজিস্ট্রার অফিস বেতনস্কেলঃ ৫০০০০-৭১২০০/- গ্রেড-৪ বয়সঃ অনূর্ধ্ব ৪২ বছর	১টি	• প্রার্থীকে সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে স্নাতক (সম্মান)-সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। • প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। • কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে উপ-রেজিস্ট্রার/ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমানের (৫ম গ্রেড) পদে ন্যূনতম ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) পদে মোট ১২ (বারো) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। • পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ উপর্যুক্ত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। • কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার ও Exam Management Software ব্যবহারে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দিতে হবে।
০২	**উপ-রেজিস্ট্রার** প্রশাসনিক ও লিয়াজন শাখা, রেজিস্ট্রার অফিস বেতনস্কেলঃ ৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫) বয়সঃ অনূর্ধ্ব ৪০ বছর	১টি	• প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। • প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। • কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী-রেজিস্ট্রার/সহকারী-পরীক্ষা নিয়ন্ত্রক পদে (৭ম গ্রেড বা তদূর্ধ্ব) ন্যূনতম ০৪ (চার) বছর চাকরির অভিজ্ঞতাসহ জাতীয় বেতন স্কেলভুক্ত ১ম শ্রেণির (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) পদে মোট ০৮ (আট) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। • পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
	কর্মচারী		
০৩	**ড্রাইভার (ভারী)** রেজিস্ট্রার অফিস বেতনস্কেলঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ বয়সঃ অনূর্ধ্ব ৩২ বছর	১ টি	• প্রার্থীকে সরকার স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে নুন্যতম ২.২৫ থাকতে হবে। • বি আর টি এ হইতে ভারী গাড়ী চালনার লাইসেন্স থাকতে হবে। • সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪	**হেলপার** রেজিস্ট্রার অফিস বেতনস্কেলঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ বয়সঃ অনূর্ধ্ব ৩২ বছর	১ টি	• সরকার স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে নুন্যতম ২.২৫ থাকতে হবে। • সরকার স্বীকৃত ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স এবং সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
	মোট পদঃ	৪ টি	

শর্তাবলিঃ

১. আগ্রহী প্রার্থীদের আগামী ০১/০৩/২০২৬ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.uftb.ac.bd এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ০৭/০২/২০২৬ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র(প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতিপত্র এর মূল সনদের রঙিন স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।

৩. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস/ ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের জব ওয়েবসাইটঃ https://jobs.uftb.ac.bd থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না।

৪. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।

৫. আবেদনের শেষ তারিখ হতে বয়স গণনা করা হবে।

৬. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. এ নিয়োগ ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ এর নিয়োগ, পদোন্নতি ও আপগ্রেডেশন সংবিধি ও বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী পরিচালিত হবে।

৮. প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ৩০/১২/২০২৪ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩ ১৫-৩৬২ নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে গ্রেড-৯ বা তদূর্ধ্ব পদের জন্য ২০০/-(দুইশত) টাকা, ১৩তম থেকে ১৬তম গ্রেড ১০০/-(একশত) টাকা এবং ১৭তম থেকে ২০তম গ্রেড ৫০/-(পঞ্চাশ) টাকা জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের জব ওয়েবসাইটঃ https://jobs.uftb.ac.bd এ পাওয়া যাবে)।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতির সর্বশেষ সরকারি আদেশ/ প্রজ্ঞাপন বিবেচিত হবে।

১০. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

১১. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

১২. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।

১৩. পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।

১৪. নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. Online আবেদনে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে **০৯৬৬৬৭৭৫৫৩৪** নম্বরে ফোন করে জরুরি সেবা গ্রহণ করা যেতে পারে।

7.2.26

(মুহাম্মদ আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪.৪৬৫৫

তারিখঃ ২৪ মাঘ ১৪৩২ / ০৭ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
২. ট্রেজারার মহোদয়ের দপ্তর, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৩. সকল দপ্তর/বিভাগ/অফিস প্রধান, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৪. অফিস ফাইল/ গার্ড ফাইল, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।
৫. সকল নোটিশ বোর্ড, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ।

(সৈয়দ হাসিবুল আখফার)
সহকারী রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ